

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/7/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো ন্যাশনাল গান ভায়োল্যান্স অ্যাওয়ারনেস ডে চিহ্নিত করতে এই সন্ধ্যায় কমলা বর্ণে উদ্ভাসিত হতে নিউ ইয়র্ক জুড়ে আইকনিক ভবন ও কাঠামোগুলিকে নির্দেশ দিয়েছেন

নিউ ইয়র্ক জুন মাসকে গান ভায়োল্যান্স অ্যাওয়ারনেস মান্থ (Gun Violence Awareness Month) হিসেবে স্বীকৃতির মাধ্যমে জাতির সাথে যোগ দেয়।

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো গান ভায়োল্যান্স অ্যাওয়ারনেস মান্থ এবং ওয়্যার অরেঞ্জ উইকেন্ড (Wear Orange Weekend) শুরু করার পাশাপাশি ন্যাশনাল গান ভায়োল্যান্স অ্যাওয়ারনেস ডে 2019 চিহ্নিত করতে শুক্রবার, 7 জুন তারিখটিকে এই সন্ধ্যায় কমলা বর্ণে উদ্ভাসিত হতে নিউ ইয়র্ক জুড়ে আইকনিক ভবন ও কাঠামোগুলিকে নির্দেশ দিয়েছেন।

"নিয়মিতই ভয়ংকরভাবে বন্দুক সহিংসতা কাল্ডজ্ঞানহীনতার সাথে ঘটে যাওয়ার প্রেক্ষিতে এই সমস্যাটিকে আগের চেয়ে সামনে ও কেন্দ্রে রাখতে এবং চূড়ান্তভাবে কিছু করার জন্য ফেডারেল সরকারকে চাপ প্রদান করা অধিক গুরুত্বপূর্ণ", **গভর্নর কুওমো বলেন**। "নিউ ইয়র্কের আগে থেকেই কিছু শক্তিশালী বন্দুক আইন দেশে ছিল- এখন ওয়াশিংটনের জন্য ভালোভাবে এগুলো অনুসরণ করা প্রয়োজন। আমি ন্যাশনাল গান ভায়োল্যান্স অ্যাওয়ারনেস ডে চিহ্নিত করতে স্টেট জুড়ে এই সন্ধ্যায় কমলা বর্ণে উদ্ভাসিত হতে ল্যান্ডমার্কগুলি পরিচালনা করছি।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "প্রতিদিন বন্দুক সহিংসতার করুণ ঘটনাগুলি নিউ ইয়র্ক স্টেট ও আমাদের দেশের কমিউনিটিগুলিতে প্রভাব বিস্তার করে। আমাদের স্টেট গভার্নমেন্টের কার্যকরী বন্দুক নিরাপত্তা আইন এবং সচেতনতা ক্যাম্পেইনের মাধ্যমে এই মহামারীর বিরোধিতা করার দায়িত্ব রয়েছে। স্টেট জুড়ে ল্যান্ডমার্কের আলো সাধারণ জ্ঞানের বন্দুক নিরাপত্তা প্রচেষ্টার সমর্থন প্রদর্শনকে আরও সহায়তা করবে। জুন মাসকে গান ভায়োল্যান্স অ্যাওয়ারনেস মান্থ হিসেবে স্বীকৃতির কারণে আমার প্রত্যাশা হলো আমাদের কমিউনিটিগুলিকে আরও ভালোভাবে সুরক্ষিত করে বন্দুক নিরাপত্তাকে এগিয়ে নিয়ে অব্যাহত রাখার মাধ্যমে আমরা যাদেরকে বন্দুক সহিংসতার মাধ্যমে হারিয়েছি তাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাবো।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "আমার সহকর্মী ও আমি অ্যাসেম্বলি মেজরিটিতে সাধারণ জ্ঞান বন্দুক নিরাপত্তা সংস্কারের জন্য দীর্ঘ খোলাখুলি আলোচনা করেছি এবং জয়ী হয়েছি কারণ আমরা বিশ্বাস করি আমরা বন্দুক সহিংসতা প্রতিরোধ করতে আরও বেশি কিছু করতে পারি এবং করা উচিত। আমরা বন্দুকের অবাধ প্রবেশাধিকারের মূল্য হিসেবে এই কাল্ডজ্ঞানহীন ট্রাজেডিকে

প্রত্যাখ্যান করি। আজকে আমরা বন্দুক সহিংসতার শিকার ও বেঁচে থাকা মানুষদের শ্রদ্ধা জানাই এবং প্রথমেই নিউ ইয়র্কবাসীর বেঁচে থাকা ও নিরাপত্তা বজায় রাখার আইন নিশ্চিত করতে আমাদের অঙ্গীকারকে পুনর্ব্যক্ত করি।"

"আমরা গর্বের সাথে রেড ফ্লাগ বিলসহ সাধারণ জ্ঞান বন্দুক নিরাপত্তা সংস্কারগুলি পাস করার পথকে নেতৃত্ব দিয়েছি, সে জন্য আমরা গত বছর স্টেটে আলোচনার জন্য ভ্রমণ করেছিলাম", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "যখন ফেডারেল গভার্নমেন্ট বন্দুক সহিংসতার বাস্তবতাকে উপেক্ষা করে, তখন আমরা জনসাধারণের সুরক্ষার জন্য নেতৃত্বের কাঠামো তুলে ধরেছি। এই মাস ও প্রতিটি মাসেই আমরা ক্ষতিগ্রস্থদের স্মরণ করি, সচেতনতার গুরুত্ব স্বীকার করি এবং জীবন বাঁচানোর জন্য ওয়াশিংটনকে নিউ ইয়র্কের মতো পদক্ষেপ গ্রহণের আহ্বান জানাই।"

যে ল্যান্ডমার্কগুলি এই সন্ধ্যাকে কমলা রংয়ে উদ্ভাসিত করবে:

- নিউ ইয়র্ক সিটিতে ওয়ান ওয়াল্ড ট্রেড সেন্টার ও কোসকুইসকো ব্রিজ
- টেরিটাউন ও নায়াক এর মাঝামাঝি হাডসন নদীর উপরের গভর্নর মারিও এম. কুউমো ব্রিজ
- আলবেনির দ্য গভর্নর আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস ভবন, দ্য স্টেট এডুকেশন বিল্ডিং এবং দ্য স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY) অ্যাডমিনিস্ট্রেশন বিল্ডিং
- স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক ক্যাম্পাস: বাফেলো স্টেটের রকওয়েল হল, ব্রকপোর্টে কলেজের হার্টওয়াল হল, জেফারসন কমিউনিটি কলেজের (Jefferson Community College) সহযোগী শিক্ষা কেন্দ্র, সিরাকুয়েসে আপস্টেট মেডিক্যাল ইউনিভার্সিটি (Upstate Medical University) শিশু হাসপাতাল, SUNY কোটেল্যান্ড এবং বিংহ্যামটন ইউনিভার্সিটি লাইব্রেরি টাওয়ারের (Binghamton University Library Tower) প্রধান প্রবেশদ্বার
- সিরাকুয়েসে গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের প্রবেশপথ এবং প্রদর্শনী ভবন

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)